# লিবিয়ায় আন্তর্জাতিক কোরআন প্রতিযোগিতায় যাচ্ছে বাংলাদেশি প্রতিনিধি



সংগৃহীত ছবি

লিবিয়ার বেনগাজিতে অনুষ্ঠিতব্য ১৩তম আন্তর্জাতিক হিফজুল কোরআন প্রতিযোগিতায় বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশ নিচ্ছেন হাফেজ আনাস বিন আতিক। আগামী ২০ থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এ প্রতিযোগিতা।

বাংলাদেশের গৌরবের ধারাবাহিকতায় এবারও আন্তর্জাতিক অঙ্গনে কোরআন প্রতিযোগিতায় অংশ নিতে যাচ্ছেন এক বাংলাদেশি প্রতিযোগী। আগামী ২০ থেকে ২৯ সেপ্টেম্বর লিবিয়ার রাজধানী বেনগাজিতে অনুষ্ঠিতব্য ১৩তম আন্তর্জাতিক হিফজুল কোরআন প্রতিযোগিতা ২০২৫-এ দেশের প্রতিনিধিত্ব করবেন হাফেজ আনাস বিন আতিক।

আন্তর্জাতিক ক্বিরাত সংস্থা বাংলাদেশ থেকে জানানো হয়েছে, সংস্থার মহাসচিব শায়েখ সাদ সাইফুল্লাহ মাদানী (হাফিযাহুল্লাহ)-এর প্রতিনিধি হিসেবে কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব মাওলানা ক্বারী মাসউদুর রহমান পর্যবেক্ষক (Observer) হিসেবে প্রতিযোগিতায় যোগ দেবেন।

সংস্থার মহাসচিব আনুষ্ঠানিকভাবে প্রতিযোগীর হাতে ভিসা, টিকিট ও যাবতীয় কাগজপত্র হস্তান্তর করেন। এ সময় সহ-সাংগঠনিক সম্পাদক মাওলানা মোহাম্মদ ইউসুফ, প্রচার সম্পাদক মাওলানা সুলাইমান নোমান তাফহীমসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

আগের ধারাবাহিকতায় এর আগে সালেহ আহমদ তাকরীম (২০২২), আবু তালহা ও মুস্তাফিজুর রহমান গাজী (২০২৩), এবং মাহমুদুল হাসান (২০২৪) একই প্রতিযোগিতায় অংশ নিয়ে দেশকে সম্মানিত করেছেন। এবার সেই কাতারে যুক্ত হচ্ছেন হাফেজ আনাস বিন আতিক।

LENS ASIA